গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.১২৩৮

০১-০৮-১৪২৪ বঙ্গাব্দ
তারিখ ঃ ---------------------।
১৫-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ অক্টোবর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

২৫-১০-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অক্টোবর/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১৯-১১-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান........................., সহকারী প্রধান/ সহকারী সচিব......................................., যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অক্টোবর/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আসাদুল ইসলাম<br>সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ২৫ অক্টোবর, ২০১৭ |
| সময় | : | বেলা ১০:০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি এ মন্ত্রণালয়ে দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব(প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ২১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | গত ২১-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| **(২) জাতীয় যুব নীতি , ২০১৭ বাস্তবায়ন** | (ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের নিমিত্ত Action Plan তৈরীর জন্য TAPP অনুমোদন হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে।<br><br>(খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য ১২টি মন্ত্রণালয়ে প্রতিনিধি এবং সুশীল সমাজের ২জন প্রতিনিধি, CRI এবং BYLC এর প্রতিনিধিদের নিয়ে স্টিয়ারিং কমিটি গঠনের লক্ষ্যে নথি উপস্থাপনায় রয়েছে। | (ক) যথাযথভাবে TAPP দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br><br>(খ) দ্রুত স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব ১ শাখা** |
| **(৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ।** | **(ক) যুব উন্নয়ন অধিদপ্তর :** | | |
| | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১ জন উপসচিবকে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে পরিচালক হিসেবে প্রেষণে পদায়ন করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উক্ত কর্মকর্তা যোগদান করেননি। বর্তমানে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে পরিচালক হিসেবে কর্মরত কর্মকর্তাকে রাখার জন্য ইতোমধ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রস্তাব পাওয়া গিয়েছে। ডাক্তার পদে এখনও কোন কর্মকর্তাকে পদায়ন করা হয়নি। | (ক) নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব **পড়বে তা উল্লেখপূর্বক** মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করার নিমিত্ত মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জন্য **৫টি প্রকল্পের** সার্বিক তথ্য সম্বলিত সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে । | (খ) মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।তবে এ বিষয়ে সমস্ত Reference দিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সার-সংক্ষেপ প্রেরণ করা যেতে পারে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা** |
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু তথ্য চেয়ে গত ১৭/০৮/২০১৭ তারিখে পত্র পাওয়া গেছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের জন্য ২৮-০৮-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। তথ্যাদি প্রেরণের জন্য ২১-১০-২০১৭ তারিখে পুণরায় জাতীয় ক্রীড়া পরিষদ বরাবর তাগিদ পত্র প্রদান করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি দ্রুত প্রেরণ করতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-**<br>বিকেএসপি হতে প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরীর মোট ৭৩৮টি পদ রাজস্ব বাজেটে সৃজনের সমন্বিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে ২৬/০৭/২০১৭ তারিখ অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী ২০/০৯/২০১৭ তারিখ জারী করা হয়েছে। বিকেএসপি হতে পদসৃষ্টির সমন্বিত প্রস্তাব এখনো পাওয়া যায়নি। | পদ সৃষ্টির প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| **(৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:** | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ** (ক) **<u>শূন্য পদে জনবল নিয়োগ:</u>** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদের বিপরীতে ৬১৮টি এবং প্রভাষক এর ২৮টি পদের বিপরীতে ৫১৫টি আবেদন পত্র পাওয়া গেছে। ২৮/০৯/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬-এর সংশোধনী প্রস্তাব এর সফট কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২৩/০৮/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশোধিত নিয়োগবিধির বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার খসড়া কার্যবিবরণী ২৫-০৯-২০১৭ তারিখে পরিচালক, ক্রীড়া পরিদপ্তর এর অবলোকনের জন্য প্রেরণ করা হয়েছিল। সংশোধনী পাওয়া গিয়েছে। সংশোধিত নিয়োগবিধি উপস্থাপনায় রয়েছে। | (ক) বিপিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) নিয়োগবিধি সংশোধনের প্রস্তাব দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | **ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা** |
| **(৫) গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়:** | | | |
| **(ক) বিভাগীয় মামলা** | <u>যুব উন্নয়ন অধিদপ্তর:</u> যুব উন্নয়ন অধিদপ্তরের সেপ্টেম্বর, ২০১৭ মাসের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট ২১টি মামলা চলমান রয়েছে। নতুন কোন বিভাগীয় মামলী দায়ের হয়নি। | বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে যত্নশীল হতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-১/ ক্রীড়া-২/ প্রশাসন-১ শাখা** |
| **(খ) অনিষ্পন্ন পেনশন কেস:** | | | |
| | **মন্ত্রণালয়:** (১)মরহুম মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগম গত ২০-০৮-২০১৭ তারিখে সংশোধিতভাবে পেনশন এর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। আবেদনটি উপস্থাপনায় রয়েছে।<br>(২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (১) পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুকণের জন্য অর্থ বিভাগ হতে নিম্নবর্ণিত শর্তপূরণ না হওয়ায় অসম্মতি জানিয়েছে। (ক) যে সব প্রতিষ্ঠানের প্রভিডেন্ট ফান্ডে গ্র্যাচুইটি বাবদ প্রদেয় অর্থ স্বতন্ত্রভাবে সংরক্ষিত আছে শুধু তাদেরকেই পেনশন ব্যবস্থা প্রবর্তনের অনুমতি দেয়া হবে। কোথাও এ তহবিলে ঘাটতি থাকলে এ ঘাটতি পূরণ না হওয়া পর্যন্ত পেনশন ব্যবস্থা প্রবর্তনের অনুমতি দেয়া হবে না।<br>(খ) পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি সংক্রান্ত সকল তহবিল পরিচালনার জন্য একটি স্বতন্ত্র ট্রাষ্ট বোর্ড স্থাপনা করতে হবে এবং তহবিলের ব্যবস্থাপনার দায়িত্ব ট্রাষ্টি বোর্ডের কাছে ন্যস্ত থাকবে। এ তহবিলের কোন অর্থ অন্য কোন কাজে ব্যয় করা যাবে না। | ১২-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত বিকেএসপির বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদের কর্মচারীদের যেভাবে অবসর ভাতা প্রদান করা হয়ে থাকে সেটি পরীক্ষান্তে পুন:প্রস্তাব প্রেরণ করতে হবে। | ক্রীড়া-২ শাখা ও বিকেএসপি |

| (৬) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | অডিট আপত্তিসমূহ দুত নিষ্পত্তি করার জন্য পৃথক সভা করতে হবে এবং সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় (৬২৮২) হাজার টাকা | ২৭ | ৫০৩৭১৪,৩৭ ৬.৯০ | - | - | - | ২৯টি | ৫০৩৭১৪,৩৭ ৬.৯০ | |
| | | সমাপ্ত উন্নয়ন-(৪৯৩৪৩২) হাজার টাকা | ২ | | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-১৯টি | ৮৬ | ১৬,২১,৩২ | - | - | - | ৮০ | ১৬,২১,৩২ | |
| | | সাধারণ-৭৭টি | | | | | | | | |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩৪ | ১৪,৩৬৪ | - | - | - | ৩৪ | ১৪,৩৬৪ | সকল দপ্তর/ সংস্থা এবং বাজেট শাখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ | |
| মোট= | | | ৬৮৯ | ৭৬৮৮৮৮ | - | - | - | ৬৮৯ | ৭৬,৮২৪৫ | |

বিকেএসপির ৬টি অগ্রিম অনুচ্ছেদ এবং মন্ত্রণালয়ের অডিট আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে ১২/১১/১৭ ও ১৬/১১/১৭ তারিখে যথাক্রমে ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবান করা হয়েছে।

## চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :

| | | | |
|---|---|---|---|
| (৭) যুব উন্নয়ন অধিদপ্তর : প্রশিক্ষণ, ঋণ ও ন্যাশনাল সার্ভিস | ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম ও ৬ষ্ঠ পর্বে অবশিষ্ট ৪২২টি উপজেলা হতে দারিদ্রের আধিক্য অনুযায়ী সবচেয়ে দারিদ্র্য (উচ্চ থেকে নিম্ন ১৩টি জেলার ২০টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং ৭ম পর্বে অবশিষ্ট ৪২২টি উপজেলা হতে দারিদ্রের আধিক্য অনুযায়ী ১৪টি জেলার ২০টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম পর্বের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ৬ষ্ঠ পর্বের আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১২/১০/২০১৭ এবং ৭ম পর্বের আবেদন দাখিলের শেষ তারিখ ৩০/১০/২০১৭। | প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে । | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা |
| (৮) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ১০০.০০(একশত কোটি) টাকা স্থায়ী আমানত চেয়ে সার-সংক্ষেপ অর্থ বিভাগের মতামতের জন্য রয়েছে। এছাড়া বিভিন্ন কোম্পানী/প্রতিষ্ঠানের CSR খাত হতে অনুদানের জন্য মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে আধাসরকারী পত্রের প্রেক্ষিতে জ্বালানী সচিব মহোদয়ের সহায়তায় ০৭(সাত)টি কোম্পানির CSR খাত হতে ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা অনুদান পাওয়া গেছে।<br><br>(খ) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদান সম্পর্কিত একটি কমিটি রয়েছে। উক্ত কমিটি ক্রীড়াসেবীদের অনুদান প্রদানের বিষয়ে কাজ করছেন। ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান অনলাইন পদ্ধতি প্রবর্তনের বিষয় প্রক্রিয়াধীন।<br><br><u>(গ) ফাউন্ডেশনের জন্য মানসম্মত অফিসের ব্যবস্থা করা :</u> ২৭-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের বোর্ড সভায় জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবনে সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে অফিসের পরিবেশ উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য যুগ্মসচিব(ক্রীড়া) ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদকে দায়িত্ব প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনকে ১০০৪ বর্গফুট কক্ষ বরাদ্দ করা হয়েছে। | (ক) CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত থাকবে।<br><br>(খ) ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান যথাসময়ে প্রদান করতে হবে। | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন |

বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করলে তা তথ্য অধিকার আইন মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ আইন ' ২০১৭ পুনর্গঠন করে গত ১৯-০৭-২০১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কিছু মতামত দিয়ে আইনটি পুনর্গঠন করে প্রেরণের জন্য এ মন্ত্রণালয়ে ফেরত পাঠিয়েছে। গত ২৩-১০-২০১৭ তারিখে জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং জাতীয় ক্রীড়া পরিষদের আইন কর্মকর্তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সংশ্লিষ্ট উপসচিবের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকের আলোকে আগামী এক সপ্তাহের মধ্যে আইনটি সংশোধনপূর্বক পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হবে। | (১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী দ্রুত আইনটি সংশোধনপূর্বক পুণরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ |
| | (২) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৮৩ পরিমার্জনপূর্বক বাংলায় প্রবর্তনের প্রস্তাবের উপর মতামত প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। ম্যাট্রিক্স আকারে আইনটিকে সাজানো হয়েছে। এ বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে ০১-০৮-২০১৭ তারিখে মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৩/০৮/২০১৭ তারিখে জারীকৃত কার্যবিবরণীর আলোকে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (সংক্ষেপে বিকেএসপি, ইংরেজিতে Bangladesh Institute of Sports) আইন, ২০১৭ সম্পূর্ণ পরিমার্জন করে ২৩/১০/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | (২) মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক্রীড়া-২/ বিকেএসপি |
| | (৩) <u>ই-টেন্ডারিং</u> :- জাতীয় ক্রীড়া পরিষদে ই-টেন্ডার প্রকাশনার কাজ চলছে। বিকেএসপিতে e-GP System এ ইতোমধ্যে ৫টি কার্যাদেশ দেয়া হয়েছে। | (৩) প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে। | |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী ইনোভেশনের মাধ্যমে সহজীকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ক্রীড়া পরিদপ্তরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন কর্মশালা আয়োজন করা হবে। ৬৪টি জেলায় অটিষ্টিক ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য সেবা সহজীকরণের মাধ্যমে খেলাধূলার আয়োজন করা হয়। মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণে ইলেকট্রনিক পদ্ধতি প্রবর্তনের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণে ইলেকট্রনিক পদ্ধতির প্রবর্তন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | মন্ত্রিপরিষদ বিভাগে কেন্দ্রীয়ভাবে অনলাইনে অভিযোগ দাখিল করলে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা দেখতে পারেন। এটি নিয়মিত পর্যালোচনা করার বিষয়ে আলোচনা হয়। | অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সমন্বয় শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঙ) ই-নথি বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৩০টি জেলার কর্মকর্তা/কর্মকর্তাদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০টি জেলাকে লাইভ এ আনা হয়েছে। ই-নথি বাস্তবায়নে সম্পর্কে ব্যবহারকারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। সেপ্টেম্বর, ২০১৭ মাসে ৯১টি নথি ই-সিস্টেমে নিস্পন্ন এবং ৯২টি পত্র জারীতে নিস্পন্ন করা হয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথি বাস্তবায়নের জন্য ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং জেলা পর্যায়ে কর্মরত জেলা ক্রীড়া অফিসারদের ১৭-০৮-২০১৭ তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | জরুরি ভিত্তিতে মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম করতে হবে। ই-নথিতে কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সপ্তাহে ১ দিন অর্ধবেলা মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারীদের রিফ্রেসার্স ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে। প্রতিদিন প্রতি শাখা হতে নূন্যতম ১টি ডাক ই-নথিতে উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন APAMS এ upload করা হয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে এবং বছর শেষে প্রতিবেদনের সাথে প্রমাণক পাঠাতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট দেশের মিশনের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় সভা ও সভার রিপোর্ট করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (জ) | সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশ দেন। সভার নোটিশ, কার্যবিবরণীর এবং কার্যপত্রের হার্ড কপি প্রেরণে নিরুৎসাহিত করা হয় এবং আগামীতে সকল চিঠি, নোটিশ এবং কার্যবিবরণী ওয়েবসাইট ও গ্রুপমেইলে পাঠানোর জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। | সকল সভার নোটিশ, কার্যপত্র ও কার্যবিবরণীর হার্ড কপি প্রেরণ বন্ধ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

৯। পরিশেষে সভাপতি দপ্তর/সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে সকল প্রতিবেদন যথাযথ তথ্য সহকারে প্রেরণ, আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠানের ক্ষেত্রে দপ্তর/সংস্থা হতে ৩দিন পূর্বে কার্যপত্র প্রেরণ এবং অফিসের কর্মপরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার জন্য পরামর্শ প্রদান করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৫/১১/২০১৭
(মো: আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়